



## ■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৮৫

১৬/ হাজ (হজ/হজ) (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১৬. ইহরামের প্রকারভেদ, ইফরাদ, কিরান ও তামাতু হজের জন্য ইহরাম বাঁধা জায়েয, একত্রে উমরা ও হজের ইহরাম বাঁধাও জায়েয এবং কিরান হজ পালনকারী কখন ইহরামমুক্ত হবে

بَابُ بَيَانِ فُجُورِ الْإِحْرَامِ وَأَنَّهُ يَجُوزُ إِفْرَادُ الْحَجَّ وَالْتَّمَتُعُ وَالْقِرَانِ وَجَوَازُ إِدْخَالِ الْحَجَّ عَلَى  
الْعُمُرَةِ وَمَتَى يَحِلُّ الْقَارِنُ مِنْ نُسُكِهِ

আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ، عَنْ هِشَامٍ، عَنْ أَبِيهِ، عَنْ  
عَائِشَةَ، - رضي الله عنها - قَالَتْ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي  
حَجَّةِ الْوَدَاعِ مُوَافِينَ لِهِلَالِ ذِي الْحِجَّةِ - قَالَتْ - فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ  
وَسَلَّمَ "مَنْ أَرَادَ مِنْكُمْ أَنْ يَهِلَّ بِعُمْرَةٍ فَلْيَهِلْ فَلَوْلَا أَنِّي أَهْدَيْتُ لَاهْلَلْتُ بِعُمْرَةٍ" . قَالَتْ  
فَكَانَ مِنَ الْقَوْمِ مَنْ أَهَلَّ بِعُمْرَةٍ وَمِنْهُمْ مَنْ أَهَلَّ بِالْحَجَّ - قَالَتْ - فَكُنْتُ أَنَا مِمَّنْ أَهَلَّ  
بِعُمْرَةٍ فَخَرَجْنَا حَتَّى قَدِمْنَا مَكَّةَ فَأَذْرَكَنِي يَوْمُ عَرَفةَ وَأَنَا حَائِضٌ لَمْ أَحِلْ مِنْ عُمْرَتِي  
فَشَكَوْتُ ذَلِكَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ "دَعِيَ عُمْرَتُكِ وَأَنْقُضِي رَأْسَكِ  
وَأَمْتَشِطِي وَأَهِلِّي بِالْحَجَّ" . قَالَتْ فَفَعَلْتُ فَلَمَّا كَانَتْ لَيْلَةُ الْحَصْبَةِ - وَقَدْ قَضَى اللَّهُ  
حَجَّنَا - أَرْسَلَ مَعِي عَبْدَ الرَّحْمَنِ بْنَ أَبِي بَكْرٍ فَأَرْدَفَنِي وَخَرَجَ بِي إِلَى التَّنْعِيمِ فَأَهْلَلْتُ  
بِعُمْرَةٍ فَقَضَى اللَّهُ حَجَّنَا وَعُمِّرَنَا وَلَمْ يَكُنْ فِي ذَلِكَ هَدْيٌ وَلَا صَدَقَةٌ وَلَا صَوْمٌ .

বাংলা

২৭৮৫। আবু বকর ইবনু আবু শায়বা (রহঃ) ... আয়িশা (রাঃ) বলেন, বিদায় হাজের (হজ) বছর যিলহাজ্জ মাসের নতুন চাঁদ উদয়ের প্রাক্কালে আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে (মক্কা) রওনা হলাম। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাদের মধ্যে যে ব্যাক্তি উমরার ইহরাম বাঁধতে চায়, সে তা করতে পারে। আমার সঙ্গে হাদী বা কুরবানীর পশু না থাকলে আমি উমরার ইহরাম বাধতাম। আয়িশা (রাঃ) বলেন, লোকদের মধ্যে কতক উমরার ইহরাম বাঁধল এবং কতক হাজের (হজ) ইহরাম বাঁধল। তিনি বললেন, আমি উমরার উদ্দেশ্যে ইহরামকারীদের অন্তর্ভুক্ত ছিলাম। আমরা রওনা হলাম, অতঃপর মক্কায় পৌঁছে

গেলাম। আরাফাত দিবস পর্যন্ত আমার মাসিক ঝাতু অব্যাহত ছিল এবং উমরা করে ইহরাম খোলার সুযোগ পেলাম না।

এ সংকটের বিষয়ে আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে অবহিত করলে তিনি বললেন, তুমি তোমার উমরা পরিত্যাগ কর, চুলের বাঁধন খুলে ফেল এবং তাতে চিরুনী কর আর হাজ্জের (হজ্জ) জন্য ইহরাম বাঁধ। আয়িশা (রাঃ) বলেন, আমি তাই করলাম। অতঃপর যখন মুহাসসাবের রাত এল এবং আল্লাহ তাআলা আমাদের হাজ্জ (হজ্জ) সমাপন করার তৌফিক দিলেন, তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার সাথে আবদুর রহমান ইবনু আবু বকর (রাঃ) কে পাঠালেন এবং তিনি আমাকে তার বাহনের পেছনে বসিয়ে তানঙ্গিমে রওনা হলেন। অতঃপর আমি উমরার ইহরাম বাঁধলাম। এভাবে আল্লাহ তায়ালা আমাদের হাজ্জ (হজ্জ) ও উমরা সমাপনের তৌফিক দান করলেন। তাতে কোন হাদী (কুরবানী), সদকা বা সাওম (রোয়া/রোজা/সিয়াম/ছিয়াম) কোনটই পালন করতে হয়নি।

## English

`A'isha (Allah be pleased with her) reported:

We went with the Messenger of Allah (ﷺ) (in his) Farewell Pilgrimage near the time of the appearance of the new moon of Dhul-Hijja. The Messenger of Allah (ﷺ) said: He who amongst you intends to put on Ihram for `Umra may do so; had I not brought sacrificial animals along with me, I would have put on Ihram for `Umra. She (further said). There were some persons who put on Ihram for `Umra, and some persons who put on Ihram for Hajj, and I was one of those who put on Ihram for `Umra. We went on till we reached Mecca, and on the day of `Arafa I found myself in a state of menses, but I did not put off the Ihram for `Umra. I told about (this state of mine) to the Messenger of Allah (ﷺ), whereupon he said: Abandon your `Umra, and undo the hair of your head and comb (them), and put on Ihram for Hajj. She (`A'isha) said: I did accordingly. When it was the night at Hasba and Allah enabled us to complete our Hajj, he (the Holy Prophet) sent with me `Abd al-Rahman b. Abu Bakr, and he mounted me behind him on his camel and took me to Tan`im and I put on Ihram for `Umra, and thus Allah enabled us to complete our Hajj and `Umra and (we were required to observe) neither sacrifice nor alms nor fasting.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=12396>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন